গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম) এর দপ্তর
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.৫০১.০১.০১১.২৩-০৮ তারিখঃ ১০ মে, ২০২৩।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ের নিম্নবর্ণিত রাজস্বখাতভুক্ত স্থায়ী শূন্যপদ পূরণের নিমিত্ত শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্র:নং | পদের নাম ও বেতন স্কেল (জা:বে:স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | গেইটকিপার/গেইটম্যান (গ্রেড-২০) টাকা ৮,২৫০-২০,০১০ | ১৫০৫ (এক হাজার পাঁচশত পাঁচ)টি | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে অন্যূন এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

২। আবেদনকারীদের নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই পালন/অনুসরণ করতে হবেঃ

(ক) আবেদনকারীদের আবশ্যিকভাবে কমপক্ষে ২ (দুই) বছর বাংলাদেশ রেলওয়ের প্রকল্পে গেইটকিপার/গেইটম্যান হিসাবে চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। যথাযথ প্রক্রিয়ায় নিয়োগের মাধ্যমে চাকুরীকালীন সময় নিরবিচ্ছিন্ন হতে হবে। আবেদনপত্রের সাথে অভিজ্ঞতার সনদ এবং যথাযথ প্রমাণক দাখিল করতে হবে যা মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রত্যায়িত হতে হবে অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

(খ) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে চাকুরীতে প্রবেশের বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। তবে রেলওয়ের প্রকল্পে গেইটকিপার/গেইটম্যান হিসাবে কমপক্ষে ২ (দুই) বছর চাকুরীর/কাজের অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। সকল আবেদনের ক্ষেত্রে ধারা 'ক' এর শর্ত প্রযোজ্য হবে।

(গ) প্রার্থীদের স্বহস্তে নির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে। **আবেদন ফরম বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট (www.railway.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।**

(ঘ) প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় যথাযথ ঘরে টিক চিহ্ন দিতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

(চ) আবেদনের সময় প্রার্থীর সকল সনদ পত্রের একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা অথবা বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে প্রমাণকের পক্ষে মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিল/পৌরসভার মেয়র কর্তৃক মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যা মর্মে প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটার দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

(ছ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের সময় আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের একসেট মূল কপি মৌখিক পরীক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে।

(জ) প্রার্থী রেলওয়ে কর্মচারীর পোষ্য [বাংলাদেশ রেলওয়ের স্থায়ী পদে অন্যূন ২০ (বিশ) বছর চাকুরী সম্পন্ন হয়েছে এরূপ কর্মরত বা অবসরপ্রাপ্ত (জীবিত বা মৃত) কর্মচারীর সন্তান ও বিধবা স্ত্রী পোষ্য হিসেবে গণ্য হবে] হলে আবেদনের সময় নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও বিভাগীয় প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ণপত্র দাখিল করতে হবে। **পোষ্য সংক্রান্ত আবেদন ফরম বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট (www.railway.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।**

(ঝ) আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এর অনুকূলে 'এ চালান' পদ্ধতিতে নম্বর- ১৫১০৩০১১৩২২৬৭-১১০০০০০০০-১১০০১০০০-১৪২২৩২৬ কোডে কোন তফসিলভুক্ত ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদান করা যাবে। আবেদন পত্রের সাথে চালানের মূল কপি সংযুক্ত করতে হবে। চালানের মূলকপি ব্যতীত কোনো আবেদন পত্র বৈধ বলে গণ্য করা হবে না।

(ঞ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(ট) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ঠ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ড) পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্য বিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঢ) আবেদনকারী কর্তৃক স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র আগামী ১৪/০৫/২০২৩ হতে ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রি ডাকযোগে অথবা স্বহস্তে (বেনু রঞ্জন সরকার, প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম) এবং আহ্বায়ক বিভাগীয় নির্বাচন কমিটি, কক্ষ নং-৬০১, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা অথবা মোঃ মেয়েনুল ইসলাম, উপ-প্রধান পরিকল্পনা কর্মকর্তা এবং সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি, কক্ষ নং ৩০৪, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা) বরাবর প্রেরণ করতে হবে। নির্দিষ্ট তারিখের পর কোনো আবেদন পত্র গ্রহণ করা হবে না।

(ণ) আবেদনপত্র প্রেরণকালে খামের বাম দিকের উপরের অংশে পদের নাম ও প্রার্থীর জেলার নাম স্পষ্টভাবে লিখতে হবে। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(ত) এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(বি:দ্র: বাংলাদেশ রেলওয়ের নিয়োগ কার্যক্রম সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সম্পন্ন করা হয়। তাই দালাল বা প্রতারক চক্রের প্রলোভনে প্রলুব্ধ হয়ে কোনো প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অর্থ লেনদেন বা অন্য কোনো অনৈতিক উপায়ে বাংলাদেশ রেলওয়েতে চাকুরী পাবার কোনো সুযোগ নেই। কেউ অর্থের বিনিময়ে চাকুরীর দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় সোপর্দ করা অথবা থানা বা গোয়েন্দা সংস্থাকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।

১০/০৫/২০২৩

(বেনু রঞ্জন সরকার)
প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম)
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
ও
আহবায়ক
বিভাগীয় নির্বাচন কমিটি।